গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইন্সট্রাক্টরের কার্যালয়
উপজেলা রিসোর্স সেন্টার
মতলব দক্ষিণ, চাঁদপুর।

প্রতিষ্ঠানের নাম ঃ উপজেলা রিসোর্স সেন্টার,মতলব দক্ষিণ, চাঁদপুর।
বিষয় ঃ কর্মকর্তা/ কর্মচারীদের তথ্য।

| ক্রমিক নং | নাম | পদবী | গ্রেড | বর্তমান পদে যোগদানের তারিখ | শিক্ষাগত যোগ্যতা | মোবাইল নং | ইমেইল |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | মোহাম্মদ ছরওয়ার জাহান | ইন্সট্রাক্টর | ৬ তম | ২৭/০৭/২০২০ | এম এসসি(গণিত) বি এড | ০১৭১৪৪২১৯২৫ | **urcmatlab @ gmail.com** |
| ০২ | মোঃ আবু ছালেহ | ডাটা এন্ট্রি অপারেটর | ১২ তম | ২৫/১০/২০০৪ | ফাজিল | ০১৭২৫৭৪৪১৪৪ | **urcmatlab @ gmail.com** |
| ০৩ | মোঃ মামুনুর রহমান | নিরাপত্তা প্রহরী | ১৮ তম | ১৩/১২/২০০৩ | এস এস সি | ০১৭১৭৫৩৯১১৩ | **urcmatlab @ gmail.com** |

মোহাম্মদ ছরওয়ার জাহান
ইন্সট্রাক্টর
উপজেলা রিসোর্স সেন্টার
মতলব দক্ষিণ. চাঁদপুর

# উপজেলা রিসোর্স সেন্টার কি ঃ

**URC** দেশের প্রাথমিক শিক্ষা অবকাঠামোর একটি নতুন সংযোজন। পৃথিবীর বহু দেশে বিভিন্ন নামে এ ধরণের সেন্টার রয়েছে। স্থানীয় পর্যায়ে প্রাথমিক শিক্ষার সংগে জড়িত সকলকে একাডেমিক সেবা দানের জন্য নিবেদিত প্রতিষ্ঠান হচ্ছে **URC**। উপজেলার শিক্ষক- শিক্ষিকা, সংশ্লিষ্ট কর্মকর্তা ও এস.এম.সি সদস্যদের শিখন- শেখানো ও বিদ্যালয় ব্যবস্থাপনার ক্ষেত্রে কার্যকর দক্ষতার উন্নয়নের জন্য সরাসরি প্রশিক্ষণ ও ওরিয়েন্টেশন.তথ্য সরবরাহ.একশন রিসোর্স. গ্রন্থাগার ও শিখন শেখানো বিষয়ে কারিগরি সহায়তা ও সুবিদা দান ইত্যাদি কার্যক্রম সম্পাদন করার জন্য রিসোর্স সেন্টার প্রতিষ্ঠা করা হয়েছে ঃ

## ১.০০ উপজেলা রিসোর্স সেন্টার প্রতিষ্ঠার যৌক্তিকতা ঃ

প্রাথমিক শিক্ষার গুনগতমান উদ্বেগজনকহারে হ্রাস পাওয়ায় জরুরী ভিত্তিতে স্থানীয় পর্যায়ে কিছু পদক্ষেপ গ্রহন করার প্রয়োজনীয়তা দেখা দেয়। বর্তমান অবস্থায় দেখা যায়-

- **we¨vj‡qi wbKUeZx©** কোন প্রাতিষ্ঠানিক কাঠামো নেই যা সরাসরি. নিয়মিত এবং তাৎক্ষণিক প্রয়োজনে পেশাগত ক্ষেত্রে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কারিগরি সহায়তা দান করতে পারে।

- স্বল্পমেয়াদী চাকুরীকালীন প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে উপজেলা পর্যায়ে বিভিন্ন মানের যোগ্যতাসম্পন্ন শিক্ষকদের প্রশিক্ষণ চাহিদা মেটাতে পারে এমন একটি কেন্দ্রের অনুপস্থিতি বিশেষভাবে অনুভূত হয় ( সাব-ক্লাষ্টার প্রশিক্ষণ কেন্দ্রীয় পর্যায়ে থেকে পরিকল্পিত এবং নিদিষ্ট কর্মসূচী ভিত্তিক হওয়ায় স্থানীয় শিক্ষকদের চাহিদার ভিত্তিকে কোন প্রশিক্ষণ আয়োজন করা সম্ভব হয় না। এতদ্ব্যতীত প্রশিক্ষণ ছাড়া অন্য কোন একাডেমিক সেবা প্রদান সাব-ক্লাষ্টার কার্যক্রমে অন্তর্ভূক্ত নেই)। **URC** এ অভাব পূরনে কার্যকর সহায়তা দিতে পারবে।

- স্থানীয় পর্যায়ে প্রাপ্ত সম্পদ (মানবসম্পদসহ) ব্যবহারের জন্য একটি কাঠামোগত ব্যবস্থাপনা থাকা প্রয়োজন যা একাধারে অর্থের সাশ্রয় করবে অন্যদিকে অব্যবহৃত সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করবে।

- যে কোন সিস্টেমের উন্নয়নের জন্য ভৌত সম্পদ এবং তথ্যভিজ্ঞ ব্যক্তির সমাবেশ ও সমন্বয় হওয়া প্রয়োজন। উপজেলা রিসোর্স সেন্টার স্থানীয়ভাবে উদ্ভুত প্রয়োজনের ভিত্তিতে এই সম্বদ কার্যকরভাবে সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে পারে।

- শিক্ষার গুণগত মান পরিবীক্ষণ ও মূল্যায়ন স্থানীয়ভাবে করা হলে তাৎক্ষণিকভাবে বিভিন্ন ইস্যুভিত্তিক ব্যবস্থা গ্রহণ করা যায়। উপজেলা রিসোর্স সেন্টারের মাধ্যমে এইরূপ ব্যবস্থাপনা গড়ে তোলা সম্ভব।

- উপজেলা রিসোর্স সেন্টারের মাধ্যমেই বর্তমানে কেন্দ্রীভূত প্রশিক্ষণ ব্যবস্থাপনার সঠিক বিকেন্দ্রীকরণের মাধ্যমে প্রশিক্ষন ব্যবস্থাপনার উন্নয়ন করা সম্ভব। স্থানীয় পর্যায়ে প্রশিক্ষণ চাহিদা নিরূপন .প্রশিক্ষণ পরিকল্পনা. উপকরণ প্রণয়ন এবং প্রশিক্ষণ বাস্তবায়নের ফলে সময় ও অর্থের সাশ্রয় হবে।

২.০০ উদ্দেশ্য

- প্রাথমিক বিদ্যালয়ের প্রধান  শিক্ষকসহ শিক্ষকদের পেশাগত উন্নয়নের লক্ষ্যে একটি সেবাপ্রদানকারী সংস্থার বিকাশ সাধন করা। যেমন ঃ

– শেণীকক্ষে শিক্ষণ– শিক্ষনের মান উন্নয়ন
– শিক্ষকদের শিক্ষাদান ক্ষেত্রে দক্ষতার বিকাশ সাধন

– শ্রেণীকক্ষে এবং বিদ্যালয় ব্যবস্থাপনার মান বৃদ্ধিকরণ

- নিয়মিতভাবে পেশাগত ও কারিগরী সহায়তা বিনিময়ের মাধ্যমে  সাব-ক্লাস্টার ও উপজেলা রিসোর্স সেন্টারের প্রশিক্ষণের পারস্পরিক উন্নয়ন সাধন।

- বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটিকে ( এসএমসি) শক্তিশালী করার জন্য ওরিয়েন্টেশন প্রদান/আলোচনা সভার আয়োজন,স্থানীয় জনগণকে বিদ্যালয়ের সাথে সম্পৃক্ত করার জন্য সেমিনার আয়োজন।

৩.০০  উপজেলা রিসোর্স সেন্টারের কর্মপরিধি

- স্থানীয়ভাবে অথবা প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/নেপ পরিচালিত প্রাথমিক শিক্ষা সংক্রান্ত যাবতীয় প্রশিক্ষণ/ওরিয়েন্টেশন/ সেমিনার আয়োজনের কেন্দ্র হিসাবে কাজ করা।

- তাৎক্ষণিক চাহিদার ভিত্তিতে/ চাহিদা যাচাইয়ের ভিত্তিতে প্রধান শিক্ষক. শিক্ষক. প্রাথমিক শিক্ষার সাথে জড়িত কর্মকর্তা/কর্মচারীদের  প্রশিক্ষণ পরিকল্পনা. প্রয়োজনীয় প্রশিক্ষণ সামগ্রী তৈরী করে প্রশিক্ষণের আয়োজন করা।

- পাঠসংশ্লিষ্ট শিক্ষোপকরণ  **(teaching aids)** তৈরী . সংরক্ষণ ও শ্রেণীকক্ষে এর ব্যবহার সম্পর্কে শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করা।

- একাডেমিক সুপারভিশনের মাধ্যমে শিক্ষকদের প্রশিক্ষণ চাহিদা যাচাই এবং প্রশিক্ষণের ফলাফল/প্রভাব প্রত্যক্ষণ করে পরবর্তী কার্যক্রম গ্রহণ এবং চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ পরিকল্পনা . প্রশিক্ষণ উপকরণ প্রণয়ণ ও প্রশিক্ষণ বাস্তবায়ন করা।

- সাব - ক্লাস্টার প্রশিক্ষণ পরিদর্শন করে মূল্যায়নধর্মী প্রতিবেদন প্রণয়ন করা এবং নিজ সংস্থার প্রশিক্ষণ পরিকল্পনায় অর্জিত অভিজ্ঞতার ব্যবহার করা।

- বিদ্যালয়ের শিক্ষকদের চাহিদা যাচাইয়ের জন্য শিক্ষক প্রোফাইলসহ বিদ্যালয়ের মান সংক্রান্ত তথ্য সংরক্ষণ করা।

- প্রাথমিক শিক্ষা সংক্রান্ত বইপত্র, পিরিয়ডিক্যালস .ম্যাগাজিন ইত্যাদি সংগ্রহ . সংরক্ষণ এবং এর কার্যকর ব্যবহারের ব্যবস্থা করা। স্থানীয়ভাবে অবহিতকরণের জন্য ত্রৈমাসিক ভিত্তিতে নিউজ লেটার/ তথ্যপুস্তিকার প্রকাশ করা।

- **একটি রিসোর্স পুলের সহযোগিতায় প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন ও অনুমোদনের জন্য URC কমিটিতে উপস্থাপন করা (উল্লেখ্য যে .প্রতিটি উপজেলা রিসোর্স সেন্টারের একটি উপজেলা রিসোর্স পুল (Resource Pool) থাকবে। এলাকার অসাধারণ মেধাবী শিক্ষক.পিটিআই ইন্সট্রাক্টর, সহকারী উপজেলা শিক্ষা অফিসার. গায়ক. নাট্যকর্মী. ক্রীয়াবিদ.পাপেট প্রণেতা থাকবে। এছাড়াও প্রতিটি ইউআরসির জন্য একটি রিসোর্স পুল থাকবে। এলাকার অভিজ্ঞ ও মেধাবী শিক্ষক . পিটিআই ইন্সট্রাক্টর. সহকারী উপজেলা শিক্ষা অফিসার. গায়ক. শিল্পী. নাট্যকর্মী . ক্রীয়াবিদ. পাপেট প্লেয়ার প্রভুতি ব্যক্তিবর্গ নিয়ে ২০ সদস্যের এ পুল গঠন করা যাবে। Resource Pool এ প্রাথমিক শিক্ষাক্রমভূক্ত প্রধান ৫টি বিষয়ের প্রতিটিতে নুন্যতম ২জন পারদর্শী ও অভিজ্ঞ ব্যক্তিকে অবশ্যই পুলে অন্তর্ভূক্ত করতে হবে। প্রতি ২ বছর পর এই পুলকে পুর্ণগঠন করতে হবে। URC কর্মকর্তাগণ এ Resource Pool এর তথ্যভিজ্ঞ ব্যক্তিবর্গের সহায়তা নিয়ে তাদের একাডেমিক কার্যক্রম উন্নয়ন ও পরিকল্পনা করবেন। Resource Pool সদস্যদের প্রয়োজনীয় প্রশিক্ষণেরও ব্যবস্থা করতে হবে।**

## বিগত ০৫ বছরে উপজেলা রিসোর্স সেন্টারে অনুষ্ঠিত প্রশিক্ষণের তথ্য

| অর্থ বছর | বাংলা | ইংরেজী | গণিত | বিজ্ঞান | বাওবি | প্রাক-প্রাথমিক | লিডারশিপ | সংগীত | প্রঃ শিঃ ওরিয়েন্টেশন | মার্কার | শারীরিক শিক্ষা | নিড বেইস চাহিদা ভিত্তিক সাবক্লাষ্টার | টিএসএন | কারিকুলাম | চারু ও কারুকলা | ইনডাকশন |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০১৬-১৭ | | ১৭৫ | | | | ২৫ | ২৫ | | | ১৫০ | | | ৩০ | | | ২৫ |
| ২০১৭-১৮ | ৭৫ | ৫০ | | ৭৫ | ৭৫ | ২৫ | | ১৫০ | ৩০ | ১২০ | | | | | | ৬৮ |
| ২০১৮-১৯ | | | | | | | | | | ১২০ | | | | | | ২৫ |
| ২০১৯-২০ | ১২০ | ৯০ | | ১৫০ | ১৫০ | | | ৬০ | | ১৫০ | ৬০ | | | | ৩০ | |
| ২০২০-২১ | | | | | | | | | | | | | | | | ৪৭ |
| মোট | ১৯৫ | ৩১৫ | | ২২৫ | ৯০ | ৫০ | ২৫ | ২১০ | ৩০ | ৫৪০ | ৬০ | | ৩০ | | ৩০ | ১৬৫ |

কোবিড ১৯ করোনা মহামারী বিশ্বব্যাপী ছড়িয়ে পড়ার পাশাপাশি বাংলাদেশে আক্তান্ত ২০২০ সালে ১৫ মার্চ থেকে বিদ্যালয়ের মুখামুখি শ্রেণি পাঠদান বন্ধ হয়ে যায়। ২০২০-২১ অর্থ বছরে মূলত online ভিত্তিক বিদ্যালয়ের সাথে যোগাযোগ এবং প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়। ২০২০ -২১ অর্থ বছরে যে সকল কার্যক্রম সম্পাদিত হয় ।

| ক্রমিক নং | বিষয় বস্তু | অংশগ্রহন | বরাদ্দের পরিমান |
|---|---|---|---|
| ০১ | নব- নিযুক্ত শিক্ষকদের online Induction প্রশিক্ষণ | ৪৭ জন | ২,৮১,০০০/= |
| ০২ | শিখন ঘাটতি নিরসনে বিদ্যালয় ভিত্তিক Zoom Apps মাধ্যমে online সভা | | বরাদ্দ বিহীন |
| ০৩ | ন্যাপ কর্তৃক অর্ন্তর্বতীকালীন পাঠ পরিকল্পনা অবহিত করণ সভা -৪টি | ২২৫ জন প্রধান শিক্ষক সহঃ শিক্ষক | বরাদ্দ বিহীন |
| ০৪ | Goole meet ব্যবহার করে শ্রেণি পাঠদান করতে শিক্ষকদের অবহিত করণ | ২২০ জন প্রধান শিক্ষক সহঃ শিক্ষক | বরাদ্দ বিহীন |